# এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত লালপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| তারিখ | : | ১২ এপ্রিল, ২০২২ সময় : সকাল-৩.৩০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লালপুর, নাটোর |
| সংযুক্ত সদস্য | : | ৩১ জন। |

সভার শুরুতে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। শুরুতেই করোনা প্রতিরোধে সকলকে সচেতন থাকার পরামর্শ দেওয়া হয়। এরপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ, লালপুর, নাটোরকে করোনা বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **করোনা ভাইরাস প্রতিরোধঃ**<br>সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর জানান যে, বর্তমানে করোনা নিয়ন্ত্রণে রয়েছে। হাসপাতালে করোনার নতুন কোন রোগী পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, ৭১% মানুষকে করোনার প্রথম ডোজ এবং ৬৭% মানুষকে করোনার দ্বিতীয় ডোজ টিকা প্রদান করা হয়েছে এবং হাসপাতালে করোনার ভ্যাকসিন প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও তিনি সভাকে অবহিত করেন যে, হাসপাতালে ডায়েরীয়ার কোন রোগী পাওয়া যায়নি। সকলকেই স্বাস্থ্যবিধি বজায় রেখে চলাচল করার এবং বাড়ির বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করার পরমর্শ দেওয়া হলো। অপরদিকে সভায় উপস্থিত চেয়ারম্যান, ওয়ালিয়া ইউনিয়ন পরিষদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর দৃষ্টি আকর্ষণ করে জানান যে, তার এলাকায় অবস্থিত স্বাস্থ্যসেবা কেন্দ্রে ডাক্তার নেই। তিনি ডাক্তার পদায়নের অনুরোধ জানান। ওয়ালিয়া স্বাস্থ্যসেবা কেন্দ্রে ডাক্তার পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে পরামর্শ দেওয়া হলো | ১.করোনা প্রতিরোধে সকলকে ভ্যাকসিন/ টিকা গ্রহণ করতে হবে।<br>২. করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাচল করা এবং বাড়ির বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরিধান করার বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো।<br>৩. ওয়ালিয়া স্বাস্থ্যসেবা কেন্দ্রে ডাক্তার পদায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোরকে পরামর্শ দেওয়া হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোরসহ চেয়ারম্যান সকল ইউপি, লালপুর, নাটোর। |
| ২. | **অপরাধ দমনঃ-**<br>লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ও অপরাধ দমন সংক্রান্ত বিষয়ে অফিসার ইনচার্জ, লালপুর থানা জানান যে, বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি বলেন গত মার্চ/২০২২ মাসে মোট ৩৭টি মামলা হয়েছে। তন্মধ্যে মাদক সংক্রান্ত-২৮; খুন-০২টি; নারী ও শিশু নির্যাতন আইনে-০২ এবং অন্যান্য মামলা-০৫টি। চেয়ারম্যান, আড়বাব ইউপি সভায় জানান যে, তার এলাকায় বড়বড়িয়া গ্রামে ডাকাতির প্রস্তুতিকালে ৪ জন দুষ্কৃতিকারী ধৃত হন। কিন্তু মূলহোতা ধরা পড়েননি। তিনি এ বিষয়ে অফিসার ইনচার্জ, লালপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন। অফিসার ইনচার্জ জানান যে, ০৫ জনের মধ্যে ০৪ জন ধৃত হন অপর ০১ জন পালিয়ে যায়। অফিসার ইনচার্জ জানান যে, তাকে গ্রেফতারের জন্য | ১. মাদক এবং অন্য যে কোন ধরণের অপরাধীদের সম্পর্কে তথ্য জানতে পারলে সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানাতে হবে।<br>২.অপরাধ প্রতিরোধসহ মাদক/ ডাকাতি/ ছিনতাই/চুরি প্রতিরোধে পুলিশি অভিযান বৃদ্ধি করতে হবে।<br>৩. অপরাধীদের আইনের আওতায় আনার জন্য জনপ্রতিনিধিসহ সকলকে সার্বিক সহযোগিতার পরামর্শ দেওয়া হলো।<br>০৪. মূল আসামীকে গ্রেফতারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানাকে অনুরোধ করা হলো। | ১. অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | অভিযান অব্যাহত রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বিষয়টি তদন্ত করে অপরাধীকে গ্রেফতারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানাকে অনুরোধ করেন। অফিসার ইনচার্জ অপরাধীদের গ্রেফতারে সকলের সহযোগিতা কামনা করেন। অপরাধ দমনে এবং মাদক, সন্ত্রাস/ জঙ্গীবাদসহ চুরি/ডাকাতি প্রতিরোধে পুলিশ বিভাগের তৎপরতা আরো বৃদ্ধির পরামর্শ দেওয়া হয় এবং জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগিতার অনুরোধ জানানো হয়। | | |
| ৩. | **মোবাইল কোর্ট পরিচালনাঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইন-শৃংখলা কমিটি জানান যে, সহকারী কমিশনার (ভূমি), লালপুর প্রশিক্ষণে রয়েছেন। তাই তিনি মোবাইল কোর্ট অভিযান বিষয়ে জানান যে, গত মার্চ/২২ মাসে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ০১টি অভিযান পরিচালিত হয় যাতে ২টি মামলা হয় এবং এতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়। অপরদিকে সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর কর্তৃক ০৪টি অভিযান পরিচালনা করা হয়-যাতে ৭টি মামলা হয়। ০৩ জনকে ২(দুই) মাসের এবং ০২ জনকে ৩(তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড এবং ১১,২০০/-(এগারো হাজার দুইশত) টাকা জরিমানা আদায় করা হয়। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর সভায় জানান যে, অপরাধ প্রতিরোধের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে এবং থাকবে। মোবাইল কোর্ট পরিচালনায় সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর মোবাইল কোর্ট বৃদ্ধির পরামর্শ দেন। | ১. উপজেলার আইন-শৃংখলা স্বাভাবিক এবং অপরাধ প্রতিরোধের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. মোবাইল কোর্ট পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি), লালপুর, নাটোর<br>২. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল |
| ৪. | **নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং:**<br>নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নারী ও শিশু নির্যাতন/ইভটিজিং প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী প্রেরণের পরামর্শ দেওয়া হলো। এছাড়াও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে অভিভাবকসহ সকলকেই সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয় এবং নারী উন্নয়ন ফোরাম/তথ্য আপা কর্তৃক আয়োজিত উঠান বৈঠকে বিষয়গুলো নিয়ে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১. নারী ও শিশু নির্যাতন/ ইভটিজিং প্রতিরোধে অভিভাবকসহ সকলকেই সতর্ক থাকতে হবে।<br>২. অভিভাবকদের সচেতন করার জন্য অভিভাবক সমাবেশ করতে হবে।<br>৩. নারী উন্নয়ন ফোরাম এবং তথ্য আপা কর্তৃক আয়োজিত উঠান বৈঠকে বিষয়গুলো নিয়ে আলোচনা করতে হবে।<br>৪. ইউনিয়ন পর্যায়ে নিয়মিত আইন-শৃংখলাসহ নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৫. | **মাদক নির্মূল/প্রতিরোধঃ-**<br>সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, লালপুর থানা জানান যে, মাদক বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত আছে এবং থাকবে। পুলিশ বিভাগকে মাদক বিরোধী অভিযান আরো জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং মাদক সেবনকারী/পাচারকারী/ | ১. মাদক সংক্রান্ত কোন তথ্য জানতে পারলে তাৎক্ষণিকভাবে অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানানোর পরামর্শ দেওয়া হলো এবং মাদক প্রতিরোধ/ নির্মূলে সকলকে সহযোগিতা প্রদানের পরামর্শ দেওয়া হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | ব্যবসায়ীদের কোন তথ্য জানতে পারলে সাথে সাথে অফিসার ইনচার্জ, লালপুর থানাকে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | ২. পুলিশ বিভাগকে মাদক বিরোধী অভিযান আরো জোরদার করতে হবে। | |
| ৬. | <u>বাল্য বিবাহ প্রতিরোধঃ</u><br>সভায় বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাল্যবিবাহ প্রতিরোধে চেয়ারম্যান এবং সদস্যগণ সতর্ক থাকার পরামর্শ দেওয়া হলো। গ্রাম পুলিশদেরকে বাল্য বিবাহ সংক্রান্ত কোন তথ্য জানতে পারলে তা সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ এবং ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্টদের জানানোর পরামর্শ দেওয়া হয়। | ১. বাল্য বিবাহ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যান এবং সদস্য, অফিসার ইনচার্জ, কাজী/ইমাম/ অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।<br>২. বাল্য বিবাহ সংক্রান্ত কোন খবর/তথ্য পাওয়া গেলে যাচাই করে সঠিক তথ্য তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ অফিসার ইনচার্জ /উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে। | ১. অফিসার ইনচার্জ/কাজী/ শিক্ষক ইমামসহ সংশ্লিষ্ট সকল। |
| ৭. | <u>সন্ত্রাস/জঙ্গীবাদ দমনঃ</u><br>সকল মসজিদের ইমামগণকে জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনা অব্যাহত রাখতে বলা হয় এবং বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোরকে অনুরোধ জানানো হয়। | ১. সকল মসজিদের ইমামদের জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে বক্তব্য প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২. ইমামগণ জুম্মার নামাজে খুৎবার পূর্বে বয়ানে সন্ত্রাস/জঙ্গীবাদ ও নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে আলোচনার বিষয়টি সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান ও সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন নিয়মিত মনিটরিং করবেন। | ১. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর।<br>২. চেয়ারম্যান, সকল ইউপি ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোর। |
| ৮. | <u>গ্রাম আদালতঃ</u><br>গত মার্চ/২০২২ মাসে লালপুর উপজেলায় ১০টি ইউনিয়নে গ্রাম আদালতের মাধ্যমে ৩১টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ১০টি ইউনিয়নে ৬৪টি মামলা অনিষ্পন্ন রয়েছে। মামলাসমূহ বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাসমূহ বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি, লালপুর, নাটোর। |
| ৯. | <u>নিরাপদ সড়ক</u><br>সভায় উপস্থিত লালপুর থানার অফিসার ইনচার্জ জানান যে, গত কয়েকদিন আগে সড়ক দূর্ঘটনায় ০১ জন শিশুর মৃত্যু হয়। তিনি জানান যে, নিরাপদ সড়ক আইন, ২০১৮ এর অভিযান পরিচালনা করা হবে। যাদের গাড়ীর এবং চালকের লাইসেন্স নেই তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও তিনি গাড়ী চুরি প্রতিরোধে সকলকেই সচেতন হওয়ার পরামর্শ দেন। অপরদিকে সভায় উপস্থিত জনাব মোঃ রোকনুল ইসলাম রোকন, বিশিষ্ট ব্যবসায়ী ও সাবেক ছাত্রনেতা জানান যে, গ্রামের সাধারণ মানুষ অটো চালায়। তারা রাস্তার কোন নিয়ম-নীতি না মেনে গাড়ী চালায়। এতে অনেক সময় দূর্ঘটনা ঘটে। নিরাপদ সড়ক নিশ্চিতকরণের লক্ষ্যে মোটর সাইকেল আরোহীগণ হেলমেট পরিধান করছে কিনা, নিরাপদ সড়ক আইন-২০১৮ যথাযথভাবে মেনে চলছে কিনা, এবং ট্রাফিক রুলস | ১.নিরাপদ সড়ক নিশ্চিতকরণের লক্ষ্যে মোটর সাইকেল আরোহীগণ হেলমেট পরিধান করছে কিনা, নিরাপদ সড়ক আইন-২০১৮ যথাযথভাবে মেনে চলছে কিনা, এবং ট্রাফিক রুলস মেনে চলছে কিনা বিষয়গুলো পুলিশ বিভাগকে মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২. গাড়ী চুরি প্রতিরোধে সকলকেই সচেতন থাকতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি) এবং অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর<br>২. সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | মেনে চলছে কিনা বিষয়গুলো মনিটরিং অব্যাহত রাখার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানানো হয়। | | |
| | লালপুর উপজেলায় অপরাধ প্রতিরোধে বিশেষ করে পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোরকে অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত মেয়র, গোপালপুর পৌরসভা জানান যে, আগামী মাসের মধ্যেই গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপন/লাগানো হবে। | লালপুর উপজেলায় অপরাধ প্রতিরোধে বিশেষ করে পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপনের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর |
| | **বিবিধঃ**<br>১. যে কোন জরুরি প্রয়োজনে ৯৯৯ অথবা ৩৩৩ তে কল করে জানানোর জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | যে কোন জরুরি প্রয়োজনে ৯৯৯ অথবা ৩৩৩ তে কল করে জানানোর জন্য অনুরোধ করা হলো। | স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল। |
| | ২. উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হলো। অপরদিকে ইউনিয়ন পর্যায়ের আইন-শৃংখলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণেরও অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় সকল সদস্যদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>২. সকল ইউনিয়নে নিয়মিত আইন-শৃংখলা কমিটির সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি, লালপুর, নাটোর |
| | ৩. জনাব মোঃ মোজাম্মেল হক, সম্পাদক, পদ্মা প্রবাহ, লালপুর বাইপাস সড়ক দখলমুক্ত করার অনুরোধ জানান। তিনি আরো জানান যে, লালপুর উপজেলায় আত্মহত্যার সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং কিছু কিছু এলাকায় গরু চুরির ঘটনা ঘটছে। তিনি এসব অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বর্ণিত অপরাধসমূহ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ লালপুর থানাকে অনুরোধ জানান। | ১. লালপুর বাইপাস সড়ক দখলমুক্ত করার সংশ্লিষ্টদের পরামর্শ দেওয়া হলো।<br>২. আত্মহত্যা প্রতিরোধে মানুষকে সচেতন হতে হবে।<br>৩. গরু চুরির প্রতিরোধে পুলিশি টহল বৃদ্ধির পরামর্শ দেওয়া হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানাসহ সংশ্লিষ্ট সকল |
| | ৪. ডেপুটি জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, লালপুর জানান যে, বিবিয়ানা গ্যাসক্ষেত্রে বিদ্যুৎ উৎপাদনে বিঘ্ন ঘটার কারণে কয়েকদিন লোডশেডিং হয়েছিল। তবে বর্তমানে কোন লোডশেডিং নেই। তিনি আরো বলেন যে, কোন কোন মসজিদে এসি স্থাপন করা হচ্ছে কিন্তু আমাদেরকে অবহিত করা হচ্ছে না। ফলে সংশ্লিষ্ট এলাকার ট্রান্সমিটারে সমস্যা হচ্ছে। তাই তিনি বিদ্যুৎ ব্যবহারে সকলকেই সংযত ও সতর্ক হওয়ার অনুরোধ জানান। | ১. কোন মসজিদ অথবা বাসায় এসি স্থাপন করার পূর্বে বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হলো।<br>২. বিদ্যুৎ ব্যবহারে সকলকেই সংযত ও সতর্ক হওয়ার পরামর্শ দেওয়া হলো। | সংশ্লিষ্ট সকল |
| | ৫. অফিসার ইনচার্জ, লালপুর থানা জানান যে, বর্তমানে আইন-শৃংখলা স্বাভাবিক রয়েছে। তবে দুয়ারিয়া ইউনিয়নের আবেদমোড়ে একটি মসজিদের নামকরণ নিয়ে সমস্যা হচ্ছে যা সমাধান করা প্রয়োজন। এ প্রসংগে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর জানান যে, বিষয়টি সম্মিলিত ভাবে বসে সমাধান করতে হবে। এ বিষয়ে উভয় পক্ষের সাথে সমন্বয় করে দিন/তারিখ নির্ধারণের জন্য সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুরকে | ১. দুয়ারিয়া ইউনিয়নের আবেদমোড়ের মসজিদের নামকরণ নিয়ে সমস্যা সমাধানের জন্য উভয় পক্ষের সাথে সমন্বয় করে দিন/তারিখ নির্ধারণের জন্য সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুরকে অনুরোধ করা হলো।<br>২. আব্দুলপুর হাটের জায়গার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), লালপুরকে অনুরোধ করা | সহকারী কমিশনার (ভূমি) এবং সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লালপুর, নাটোর |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ করা হলো। এছাড়াও অফিসার ইনচার্জ জানান যে, আব্দুলপুর হাটের জায়গা নিয়ে সমস্যা হচ্ছে। তিনি বিষয়টি নিরসনের অনুরোধ জানান। | হলো। | |
| | ৬. সভায় উপস্থিত জনাব প্রদীপ কুমার, সাধারণ সম্পাদক, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ঐক্য পরিষদ, জানান যে, উপজেলার ১৫টি স্থানে চৈত্র সংক্রান্তি পূজা অনুষ্ঠিত হবে। উক্ত পূজায় আইন-শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। অফিসার ইনচার্জ পূজার সময় আজান ও নামাজের বিষয়ে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | ১. পূজার আইন-শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, লালপুর, থানাকে অনুরোধ করা হলো<br>২. পূজার সময় আজান ও নামাজের বিষয়ে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুরসহ সংশ্লিষ্ট সকল। |
| | ৭. জনাব মোঃ আফতাব হোসেন ঝুলফু, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, লালপুর সভায় জানান যে, বর্তমানে লালপুর উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো বলেন ঈদের আগে ছিনতাইকারীর সংখ্যা বৃদ্ধি পেতে পারে। তাই এ বিষয়ে পুলিশ বিভাগকে সতর্ক থাকার পরামর্শ দেন। | ঈদের আগে ছিনতাই প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অফিসার ইনচার্জ, লালপুর থানাকে পরামর্শ দেওয়া হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে অগ্রিম ঈদের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( শামীমা সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর।

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৪৪.০০০.০৬.০০১.২০- ৫০৫

তারিখ: ১১ চৈত্র, ১৪২৮
২৪ এপ্রিল, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগাতিপাড়া)
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৫. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর।
৬. চেয়ারম্যান............................ইউপি, লালপুর, নাটোর।
৭. ..................................................................

( শামীমা সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
লালপুর, নাটোর।